


- নিলাম বিজ্ঞপ্তি -

আদিষ্টক্রমে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম-এ ব্যবহৃত পুরাতন ও অচল ডিজিটাল প্রজেক্টর, ওভারহেড প্রজেক্টর ও প্রজেক্টর সংশ্লিষ্ট যন্ত্রাংশ, হেড ফোন, ফটোকপি মেশিন, খালী রঙ্গের কৌটা এবং বৈদ্যুতিক মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই মর্মে আগ্রহী প্রতিষ্ঠান / ব্যক্তিদেরকে নিম্নরূপ শর্তসাপেক্ষে বন্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলী :

- (১) আগামী ১৬/১০/২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় সভাপতি, নিলাম বিক্রয় কমিটি এর কক্ষে বন্ধ খামে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ঐদিন বেলা ১২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক দরদাতাকে বেলা ১১.৪৫ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে। বেলা ১১.৪৫ ঘটিকার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- (২) এতদসংক্রান্ত ব্যাপারে আগামী ১২ ও ১৫ অক্টোবর ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ে মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে।
- (৩) এতদসংক্রান্ত দরপত্র তফসীলের মূল্য বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরৎ যোগ্য), কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম বরাবরে ডিডি/পে-অর্ডার আকারে জমা দিয়ে একাডেমির হিসাব শাখা হতে ১৫/১০/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- (৪) বন্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য জামানত হিসেবে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য) ডিডি / পে-অর্ডার কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর বরাবর দরপত্রের সাথে জমা দিতে হবে।
- (৫) নিলামে অংশ গ্রহণের জন্য ব্যক্তির ক্ষেত্রে দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, টিন সার্টিফিকেট এর ফটোকপি (যদি থাকে) এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, টিন ও ভ্যাট সার্টিফিকেট এর ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (৬) বন্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ তাদের নিজ নিজ দর অংকে ও কথায় উল্লেখ করবেন। বন্ধ খামে সফলকাম নিলাম দরদাতা তার প্রদানকৃত সর্বোচ্চ মোট মূল্য (ভ্যাট-৭.৫% ও আয়কর-৩% সহ বা সরকার কর্তৃক নির্ধারিত হারে) সমুদয় অর্থ কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিশোধ করবেন এবং পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও খরচে বিক্রিত মালামাল একাডেমি হতে সরিয়ে নিতে হবে এবং মালামাল গ্রহণের সময় সরকারি কোন সম্পদ/ অবকাঠামো কোনরূপ ক্ষতি হলে তার দায়ভার নিলাম ক্রয়কারীকে গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করা হবে।
- (৭) নিলাম ডাক সংক্রান্ত বিষয়ে দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম সংরক্ষণ করেন।




প্রকৌঃ মোহাম্মদ মাহমুদ মিয়া
অফিসার ইন-চার্জ স্টোর
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম

বিতরণঃ

- ১। প্রশাসনিক ভবন, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ২। মেইন গার্ডরুম, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ৩। একাডেমি শপিং কমপ্লেক্স, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ৪। ১নং বৈরাগ ইউনিয়ন পরিষদ ভবন, নোটিশ বোর্ড, আনোয়ারা, চট্টগ্রাম
- ৫। একাডেমি ওয়েবসাইট www.macademy.gov.bd

অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ২। নৌ-শিক্ষা প্রধান, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৩। প্রধান প্রকৌশলী (অতি. দা.), বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৪। প্রধান শিক্ষা কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৫। এ্যাডজুটেন্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৬। উন্নয়ন কর্মকর্তা (অতি. দা.), বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৭। জনাব মোহাম্মদ শফিকুল আলম, শিক্ষা কর্মকর্তা (মানবিক), বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৯। জনাব মু. খালেদ সালাউদ্দিন, প্রদর্শক, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম- বিজ্ঞপ্তি একাডেমির ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১০। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১১। জনাব কামাল উদ্দিন, রেডিও ইলেকট্রনিক টেকনিশিয়ান, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১২। পি এ টু কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।



প্রকৌঃ মোহাম্মদ মাহমুদ মিয়া
অফিসার ইন-চার্জ স্টোর
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম